



জেলা পরিষদ কার্যালয়  
পাবনা।

www.zppabna.gov.bd  
“খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি” নং-০১/২০২৩-২০২৪

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.৭৬০০.০০১.০১.০০২.২৪.০৬

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৪ খ্রিঃ


এতদ্বারা পাবনা জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলা পরিষদের তপসিলভুক্ত ০৩ (তিন)টি খেয়াঘাট বঙ্গাব্দ সন অনুযায়ী অর্থাৎ ১লা বৈশাখ-১৪৩১ সন হতে ৩০ চৈত্র ১৪৩১ সন পর্যন্ত নিম্নোক্ত বিবরণ অনুযায়ী সর্বোচ্চ মূল্যে ১ বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। দরপত্রের সিডিউল সমূহ (ক) জেলা পরিষদ কার্যালয়, পাবনা (খ) জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা (গ) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর/চাটমোহর/সাঁথিয়া এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় পূর্বক বর্ণিত কার্যালয়ে রক্ষিত বাজ্রে গ্রহণ করা হবে। অগ্রহী প্রার্থীগণ দরপত্র সংক্রান্ত যাবতীয় সিডিউল ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে জানতে পারবেন। দরপত্রের সাথে যে কোন তপসিলী ব্যাংকের নির্ধারিত পরিমাণ জামানত বিডি/সিডি প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা এর অনুকূলে দাখিল করতে হবে। ধার্য সময়ে দরপত্র দাখিলকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

ক্রমিক নং	খেয়াঘাটের নাম	উপজেলা	সরকারী সাম্ভব্য মূল্য	মন্তব্য
১।	চরভবানীপুর, চররাধাকান্তপুর ও কাচাদিয়ার	পাবনা সদর	১৭,২৮৭/-	দরদাতার দর গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের সাথে প্রদত্ত ২০% জামানত সময় পূর্বক সমুদয় অর্থ জেলা পরিষদ তহবিলে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরটি বাতিল করা হবে।
২।	নাগডেমরা	সাঁথিয়া	৬,০০৬/-	
৩।	গোসাইদহ তদন্তগত বিন্যাবাড়ী	চাটমোহর	১২,৮৫৯/-	

প্রথমবার দরপত্র গ্রহণের পর খেয়াঘাটের ইজারা প্রদান করা না গেলে বা দরপত্র জমা না পড়লে, সে ক্ষেত্রে খেয়াঘাটের পরবর্তী নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী কার্যক্রম অব্যাহত থাকবে। নতুন করে কোন বিজ্ঞাপন দেয়া হবে না। সিডিউল বিক্রয় দরপত্র গ্রহণ ও দরপত্র খোলার বিবরণঃ

ক্রমিক নং	দরপত্র বিক্রির সর্বশেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাজ্র খোলার তারিখ ও সময়
১।	২৭/০৩/২০২৪ বিকাল ৪.০০ টা	২৮/০৩/২০২৪ বেলা ১২.০০ টা	২৮/০৩/২০২৪ দুপুর ৩.০০ টা
২।	০৮/০৪/২০২৪ বিকাল ৪.০০ টা	০৯/০৪/২০২৪ বেলা ১২.০০ টা	০৯/০৪/২০২৪ দুপুর ৩.০০ টা
৩।	২৪/০৪/২০২৪ বিকাল ৪.০০ টা	২৫/০৪/২০২৪ বেলা ১২.০০ টা	২৫/০৪/২০২৪ দুপুর ৩.০০ টা

- ১। অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান অফেরতযোগ্য ২০০/- (দুইশত) টাকা মূল্যে ইজারার দরপত্র সিডিউল ক্রয় করতে পারবে।
- ২। খেয়াঘাটগুলো ১লা বৈশাখ/১৪৩১ সন হতে ৩০ শে চৈত্র/১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদী ইজারা প্রদান করা হবে।
- ৩। খেয়াঘাট ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে খেয়াঘাট ইজারার মূল্য অংক ও কথায় পরিষ্কার ভাবে লিখতে হবে, কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ৪। দরপত্র অংশ গ্রহণে অগ্রহী ব্যক্তিগণকে দরপত্রে উল্লিখিত মোট উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকার তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে বিডি/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা বরাবরে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৫। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে তাকে ১৫% ভ্যাট এবং ১০% আয়কর জমা দিতে হবে।
- ৬। দর দাখিলের পূর্বে অবশ্যই খেয়াঘাটগুলো সরেজমিন দেখে নিতে হবে। দর দাখিলের পর কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- ৭। খামের উপর খেয়াঘাটের নাম অবশ্যই বড় করে লিখতে হবে।
- ৮। কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দর গ্রহণ/বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। প্রকৃত পাটনী/পেশাদার পাটনীদে অগ্রাধিকার থাকবে এবং দরপত্রের সাথে পাটনী সত্যায়িত সনদপত্র দাখিল করতে হবে।



(মোহাম্মদ অতুল মন্ডল)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ প্রাঃ)  
জেলা পরিষদ, পাবনা।  
মোবাইল নং-০১৭১৩৮৫৬৫০২

স্মারক নং ৪৬.০০.৭৬০০.০০১.০১.০০২.২৪


তারিখঃ ০৩/০৩/২০২৪ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ

- ০১। জেলা প্রশাসক, পাবনা
- ০২। পুলিশ সুপার, পাবনা
- ০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পাবনা সদর/ চাটমোহর/ সাঁথিয়া, পাবনা।
- ০৪। মেয়র, পৌরসভা, পাবনা/জেলা মঞ্চ্য কর্মকর্তা, পাবনা/নির্বাহী প্রকৌশলী এলজিইডি, পাবনা।
- ০৫। সার্ভেয়ার, জেলা পরিষদ, পাবনা ব্যাপকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে যথাসময়ে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হল।
- ০৬। অফিস কপি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে।

- ১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা।
- ২। সি এ টি চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
- ০৩। সদস্য/সংরক্ষিত সদস্য সকল, জেলা পরিষদ, পাবনা।



(মোহাম্মদ অতুল মন্ডল)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ প্রাঃ)  
জেলা পরিষদ, পাবনা।  
মোবাইল নং-০১৭১৩৮৫৬৫০২